

# উত্তম মৎস্য চাষ অনুশীলন (Good Aquaculture Practice -GAP)

## উত্তম মৎস্য চাষ অনুশীলন

- উত্তম মৎস্য চাষ অনুশীলন (Good Aquaculture Practice -GAP) হলো চাষ পর্যায়ে অনুসরণীয় সে সমস্ত কার্যাবলী, যা সঠিক ভাবে অনুসরণ ও বাস্তবায়ন করা হলে পণ্য হিসেবে চিংড়ি বা সাদামাছের গুণগত মান এবং খাদ্য নিরাপত্তার (Food Safety) বিষয়টি নিয়ন্ত্রণ বা নিশ্চিত করা সম্ভব হয়;
- চাষ, আহরণ ও আহরণোত্তর পর্যায়ে আন্তর্জাতিকভাবে গৃহীত নিয়মাবলি যা অনুসরণ করে দূষণমুক্ত ও নিরাপদ মাছ ও চিংড়ি উৎপাদন করাই হলো **GAP**;
- সামগ্রিকভাবে খামার পরিকল্পনা, পুকুর তৈরি, পোনার মান, খাদ্য ও পানির গুণাগুণ ব্যবস্থাপনা, আহরণ ও আহরণোত্তর পরিচর্যা, পরিবহন, পরিষ্কার-পরিচ্ছন্নতা ইত্যাদি সবই উত্তম মৎস্যচাষ অনুশীলন (GAP) এর আওতাভুক্ত।


## উত্তম মৎস্য চাষ অনুশীলন এর উদ্দেশ্য

- ভোক্তার জন্য নিরাপদ ও মানসম্মত মাছ ও চিংড়ি উৎপাদন।
- মানবদেহে রোগ সৃষ্টি করতে পারে এমন রোগজীবাণু দ্বারা মাছ ও চিংড়ি যাতে সংক্রমিত না হয়, সে সংক্রান্ত সতর্কতা অবলম্বন।
- মাছ ও চিংড়ি উৎপাদনের ক্ষেত্রে এন্টিবায়োটিক/রাসায়নিক দ্রব্য ব্যবহারের ক্ষেত্রে মৎস্য ও মৎস্যপণ্য (পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) আইন, ২০২০ অনুসরণ।
- উৎপাদিত চিংড়ি/মাছ মানব স্বাস্থ্যের জন্য ঝুঁকিমুক্ত রাখার লক্ষ্যে চাষের শুরু থেকে আহরণ ও আহরণোত্তর পরিচর্যা তথা বাজারজাতকরণ পর্যন্ত প্রতিটি ধাপে স্বাস্থ্যবিধি অনুসরণ।


## উত্তম মৎস্যচাষ অনুশীলনে অনুসরণীয় বিষয়সমূহ

✓	সুস্থ ও জীবানুমুক্ত পোনা নিশ্চিতকরণ
✓	পোনার উৎস নিশ্চিতকরণ
✓	অনুমোদিত কাজিষ্ঠিত উপকরণ সমৃদ্ধ খাদ্য
✓	সকল উপকরণ সংক্রমণমুক্ত
✓	খাদ্য ও উপকরণ স্বাস্থ্যকর, শুষ্ক ও পরিচ্ছন্ন পরিবেশে সংরক্ষণ
✓	খামার বা ঘেরে অবাস্তবিক প্রণীর প্রবেশ বন্ধ নিশ্চিতকরণ
✓	মাছ চাষে কীটনাশক পরিহার করা এবং অপদ্রব্য (মুরগির বিষ্ঠা, গোবর ইত্যাদি) ব্যবহার না করা
✓	উত্তম মৎস্য চাষ ম্যানুয়েল অনুসরণ আহরণ পরিকল্পনা প্রণয়ন
✓	মৎস্য আহরণকালে স্বাস্থ্যকর ও জীবানুমুক্ত পরিবেশ নিশ্চিতকরণ
✓	অসুস্থ ব্যক্তিকে আহরণ ও আহরণোত্তর
✓	কাজে বিরত রাখা
✓	তথ্য লিপিবদ্ধকরণ
✓	তথ্য সংরক্ষণ
✓	তথ্য প্রদর্শন

## উত্তম মৎস্য চাষ অনুশীলন বাস্তবায়ন প্রক্রিয়া



## উত্তম মৎস্য চাষ অনুশীলন ফলাফল



GAP সম্পর্কে বিস্তারিত জানতে স্থানীয় মৎস্য অফিসে যোগাযোগ করুন।



মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট

